**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অধ্যক্ষের কার্যালয়**
**কুষ্টিয়া সরকারি কলেজ,কুষ্টিয়া।**

নং-কুসক-২০২২/ ১০৫ তারিখঃ- ....................

# -ঃ বিজ্ঞপ্তি ঃ-

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র কলেজে ২০২২ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় প্রাইভেট পরীক্ষার রেজিস্ট্রেশন আবেদন ফরম সংগ্রহ ও পূরণ, নির্ধারিত ফিস জমা নিম্নলিখিত তারিখ ও সময় অনুযায়ী অনুষ্ঠিত হবে (যারা ২০১৮ সাল বা তার পূর্বে এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে কেবলমাত্র তারাই ২০২২ সালের এইচএসসি প্রাইভেট পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে)।

**নিম্নলিখিত তারিখ ও সময়ের পর কোন ক্রমেই রেজিস্ট্রেশন আবেদন ফরম গ্রহণ করা বা পূরণকৃত আবেদন ফরম জমা দেয়া যাবে না।**

**রেজিস্ট্রেশন আবেদন ফরম পূরণের তারিখ ও সময় ঃ- ২৫/০৪/২০২২ ইং হতে ১০/০৫/২০২২ ইং পর্যন্ত** (সকাল ১০.০০ টা হতে ১.০০ টা) শুক্র, শনি ও সরকারি ছুটির দিন ব্যতিত।

**ফরম বিতরণ ও গ্রহণের স্থান- উচ্চ মাধ্যমিক শাখা**

**ঃ ফিসের বিবরণ ঃ**

| | | | |
|---|---|---|---|
| ১। | তালিকা ভুক্তি ফি | - | ১০০/= |
| ২। | নির্বাচনী পরীক্ষা ফি (১১ পত্র ৪০/= ) | - | ৪৪০/= |
| ৩। | আইসিটি ফি | - | ২০/= |
| ৪। | আবেদন পত্র ফি | - | ৫০/= |
| ৫। | পরিবহন ফি | - | ৫০/= |
| ৬। | নিরাপত্তা/নৈশ প্রহরী/অত্যাবশ্যকীয় কর্মচারী | - | ৫০০/= |
| ৭। | ব্যবস্থাপনা ফি | - | ৫০/= |
| ৮। | বিবিধ | - | ১০০/= |
| | **সর্বমোট** | | **১,৩১০/=** (এক হাজার তিনশত দশ) টাকা। |

** **আবেদন ফরম সংগ্রহ ও জমাদান ঃ-** রেজিস্ট্রেশন আবেদন ফরম পূরণের জন্য কলেজ ক্যাশ কাউন্টারে টাকা জমা দিয়ে টাকা জমার রশিদ উচ্চ মাধ্যমিক শাখায় প্রদর্শন পূর্বক রেজিস্ট্রেশন আবেদন ফরম সংগ্রহ করতে হবে এবং উল্লেখিত তারিখও সময়ের মধ্যেই পূরণকৃত আবেদন ফরম জমা দিতে হবে।

উক্ত তারিখ ও সময়ের পর আর কোন আবেদনপত্র গৃহীত হবে না। পরীক্ষার্থীর আবেদন ফরম পরীক্ষার্থী নিজ হাতে অত্যন্ত সতর্কতার সাথে নাম, পিতার নাম ও মাতার নামের বানান এস,এস,সি পরীক্ষার সনদের অনুরূপ করে পূরণ করতে হবে। কোন রূপ ভুল ভ্রান্তির জন্য পরীক্ষার্থী নিজে দায়ী থাকবে। ১০/০৫/২০২২ ইং তারিখের মধ্যে যে সকল পরীক্ষার্থী আবেদনপত্র জমা দেবে তাদের নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণ বাধ্যতামূলক। নির্বাচনী পরীক্ষায় অকৃতকার্য পরীক্ষার্থীদের (প্রাইভেট) কোন অবস্থাতেই চূড়ান্ত পরীক্ষায় ফরম পূরণ করতে দেয়া হবে না।

**** বিঃ দ্রঃ নির্বাচনী পরীক্ষা শুরুর তারিখ কলেজ অফিসে যোগাযোগ করে জেনে নিতে হবে।**

অপরপাতা

## প্রয়োজনীয় শর্তাবলী ও কাগজপত্র যা আবেদনপত্রের সাথে জমা দিতে হবে ঃ-

(ক) মাধ্যমিক বা সমমানের পরীক্ষা পাসের সত্যায়িত মূল নম্বরপত্র দাখিল করতে হবে। যে সকল পরীক্ষার্থী ১৯৯৫ সালের পূর্বে এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তাদের মূল নম্বরপত্র সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক সত্যায়িত করতে হবে এবং মূল নম্বরপত্রের অপর পৃষ্ঠায় পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক Verified and found Correct লেখা থাকতে হবে। কোনক্রমেই মাধ্যমিক পরীক্ষা বা সমমানের কোন সনদপত্র গ্রহন করা হবে না।

(খ) যে সকল পরীক্ষার্থী কারিগরি শিক্ষা বোর্ড এবং উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে এসএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তাদের মূল নম্বরপত্র সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক Verified and found Correct লেখা থাকতে হবে।

(গ) যে সকল পরীক্ষার্থী ১৯৯৯ সালের পূর্বে মাদরাসা শিক্ষা বোর্ডে থেকে এসএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তাদের মুল নম্বরপত্র সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক সত্যায়িত করতে হবে এবং মুল নম্বরপত্রের অপর পৃষ্টায় পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক Verified and found Correct লেখা থাকতে হবে।

(ঘ) যে সকল পরীক্ষার্থী ২০১৮ বা তৎপূর্ববর্তী বছরে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তাদেরকে মুল প্রবেশপত্র জমা দিতে হবে।

(ঙ) বাংলাদেশের আওতাধীন অনুমোদিত কোন কলেজের অধ্যক্ষ/অত্র বোর্ডের কোন সদস্য অথবা কোন সরকারি গেজেটেড অফিসারের নিকট হতে প্রার্থীর চরিত্র, আচরণ, কাঙ্খিত পরীক্ষার অন্ততপক্ষে দুই বছর পূর্ব পর্যন্ত কোন অনুমদিত কলেজের শিক্ষার্থী ছিল না এবং প্রাথী কোন পরীক্ষায় বাহিস্কার হয়নি অথবা হয়ে থাকলেও এর মেয়াদ শেষ হয়ে গেছে এবং ২০২২ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষার জন্য অযোগ্য ঘোষিত হয়নি এ মর্মে প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। ভূয়া তথ্য প্রদান করলে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

(চ) প্রার্থীর সম্প্রতিকালে উঠানো ০৪ (চার) কপি পাসপোর্ট এবং ০৪ কপি স্ট্যাম্প সাইজের ছবির সম্মুখভাগে নিজের নাম স্বাক্ষর করে জমা দিতে হবে।

(ছ) শিক্ষক প্রার্থীদের বেলায় কোন অনুমোদিত বিদ্যালয়ে চাকুরীর মেয়াদ বিজ্ঞপ্তি জারির তারিখে অন্তত ০৩ (তিন) বছর পূর্ণ হয়েছে এ মর্মে নিজ জেলা শিক্ষা অফিসারের সীল ও স্বাক্ষরযুক্ত সার্টিফিকেট জমা দিতে হবে।

(জ) পুলিশ ও প্রতিরক্ষা বাহিনীর প্রার্থীদের বেলায় বিজ্ঞপ্তি জারির তারিখে কমপক্ষে ০১ (এক) বছর যাবত সক্রিয়ভাবে চাকুরীতে আছে এ মর্মে পুলিশ সুপার/কমান্ডিং অফিসারের সমপর্যায়ের কর্মকর্তার সীল ও স্বাক্ষরযুক্ত সার্টিফিকেট জমা দিতে হবে।

(ঝ) কোন শারীরিক প্রতিবন্ধি কিংবা দৃষ্টি প্রতিবন্ধি পরীক্ষার্থী শ্রুতি লেখক (স্ক্রাইব) সঙ্গে নিয়ে পরীক্ষায় অংশগ্রহন করতে চাইলে পরীক্ষা পরিচালনা নীতিমালা মোতাবেক অংশগ্রহন করতে হবে। এ ক্ষেত্রে দশম শ্রেণীতে অধ্যয়নরত ছাত্র/ছাত্রীকে শ্রুতি লেখক (স্ক্রাইব) নিযুক্ত করতে হবে।

(ঞ) এস,এস,সির মূল সনদপত্র ও মূল নম্বরপত্রের ০২ টি করে ফটোকপি সত্যায়িত সহ।

(ট) নাগরিকত্ব সনদপত্র / জন্ম সনদ / জাতীয় পরিচয় পত্রের ফটোকপি।

(ঠ) প্রাইভেট পরীক্ষার্থী বিভাগ উন্নয়ন কিংবা ক্যাজুয়াল পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে না।

(ড) রেজিস্ট্রেশন শুধু ০১ (এক) বছরের জন্য বলবৎ থাকবে।

(ঢ) প্রাইভেট পরীক্ষার্থীদের নতুন ২০২২ সালের সিলেবাসে পরীক্ষা দিতে হবে। ব্যবহারিক (আইসিটি বিষয় ব্যতীত) ও ৪র্থ বিষয় নিতে পারবে না এবং কোন অবস্থাতেই কেন্দ্র পরিবর্তন করা যাবে না।

(ণ) গুচ্ছ বিভ্রাট ঘটে এমন বিষয় গ্রহণ করা যাবে না। এমন কোন বিষয় গ্রহণ করলে আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।

(ত) পূর্বে উচ্চ মাধ্যমিক প্রাইভেট পরীক্ষা দিলে তার মূল প্রবেশপত্র।

(থ) আবেদন এবং সকল কাগজপত্র নিজ হাতে সঠিকভাবে পূরণ করতে হবে। কোন ভুল ত্রুটির জন্য প্রার্থী নিজে দায়ি থাকবে।

২৪/৪/২২

অধ্যক্ষ
কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।

## কপি বিতরণ ঃ

১। উপাধ্যক্ষ, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
২। আহবায়ক, উচ্চ মাধ্যমিক নির্বাচনী পরীক্ষা কমিটি-২০২২, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
৩। সম্পাদক, শিক্ষক পরিষদ, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
৪। হিসাব রক্ষক, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
৫। ক্যাশিয়ার, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
৬। শাখা সহকারী, উচ্চ মাধ্যমিক শাখা, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
৭। সংরক্ষণ নথি।